সমকাল

তারিখ ... 06 AUG 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

### মাগুরা হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ

# শিক্ষক সংকটে ব্যাহত হচ্ছে ১০ হাজার শিক্ষার্থীর লেখাপড়া

■ মাগুরা প্রতিনিধি

মাগুরার সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজে অনার্স কোর্স চালু হয়েছে ১১ বছর আগে। অথচ এতদিনেও সেখানে অনার্সের কোনো শিক্ষক বা কর্মচারী নিয়োগ হয়নি। উপরন্তু ৩ বছর আগে চালু করা হয়েছে মাস্টার্স কোর্স। এ অবস্থায় শিক্ষক-কর্মচারী সংকটের কারণে প্রতিষ্ঠানটির ১০ হাজার শিক্ষার্থীর শিক্ষা কার্যক্রম চরমভাবে ব্যাহত হচ্ছে।

১৯৪০ সালে প্রতিষ্ঠিত মাগুরার এই কলেজটিতে বর্তমানে মোট ১৪ বিষয়ে অনার্স এবং ৯টি বিষয়ে মাস্টার্স কোর্স চালু রয়েছে। কিন্তু সেখানে এর বিপরীতে কোনো শিক্ষক বা কর্মচারী যেমন নিয়োগ করা হয়নি, তেমনি তৈরি হয়নি অতিরিক্ত কোনো শ্রেণিকক্ষ। যে কারণে ইন্টারমিডিয়েট এবং ডিগ্রি শ্রেণির সীমিত সংখ্যক শিক্ষক দিয়েই চলছে অনার্স-মাস্টার্সের অতিরিক্ত ২৩ বিষয়ের শিক্ষা কার্যক্রম। এতে দারুণ সংকটের মধ্যে পড়েছে এখানকার শিক্ষার্থীরা।

কলেজটির অনার্সের শিক্ষার্থী হেলাল হোসেন জানান, শিক্ষক সংকটের কারণে ঠিকমতো ক্লাস হয় না। কখনও সকালের ক্লাস বিকেলে হয়। আবার শ্রেণি কক্ষ সংকটের কারণে অন্যদের পরীক্ষা চলাকালীন সময় তাদের ক্লাস বন্ধ থাকে।

ইংরেজি বিভাগের প্রধান অধ্যাপক সাইদুর রহমান জানান, কলেজটির ইন্টারমিডিয়েট এবং ডিগ্রি শ্রেণির ৫৬ জন শিক্ষকের সৃষ্ট পদের বিপরীতে মাত্র ৪১ জন শিক্ষক রয়েছেন, যা ওইসব শ্রেণির শিক্ষা কার্যক্রম চালানোর জন্য অপ্রতুল। তারপরও অতিরিক্ত অনার্স-মাস্টার্সের ক্লাস নিতে গিয়ে শিক্ষকদের বিপাকে পড়তে হচ্ছে। অতিরিক্ত ক্লাস নিতে গিয়ে শিক্ষকরা ঠিকমতো পাঠদান করাতে পারেছেন না। স্বাভাবিকভাবেই শিক্ষার মান নিম্নমুখী হচ্ছে।